চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৫ আগস্ট ২০১৭ খ্রি.শুক্রবার

ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী সোমনাথ হালদার এর বিদায় সংবর্ধনা আগামীকাল ২৬ আগস্ট

আগামীকাল ২৬ আগস্ট ২০১৭ খ্রি. শনিবার, বেলা ১১ টায় চিটাগাং ক্লাব এর অডিটোরিয়াম হলে ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী সোমনাথ হালদারকে বিদায় সংবর্ধনা দিচ্ছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন।
উক্ত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সংশ্লিস্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

চট্টগ্রাম- ২৫ আগস্ট ২০১৭ খ্রি.শুক্রবার

বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নের লক্ষে তাঁর কন্যা জননেত্রী ও প্রধানমন্ত্রী জীবন বাজী রেখে কাজ করে যাচ্ছেন জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে নগরীর ৬ ও ১৮ নং ওয়ার্ডে দুঃস্থ ও হতদরিদ্রদের মাঝে ত্রান সামগ্রী বিতরণ করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল। তিনি বাংলাদেশের সোনার মানুষের মুখে হাসি ফুটাতে চেয়েছিলেন। ঘাতক চক্র ১৯৭৫ সনের ১৫ আগস্ট জাতির পিতাকে স্ব-পরিবারে হত্যা করে তার আদর্শের সোনার বাংলার মানুষগুলোকে এতিম করে। তিনি বলেন, বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নের লক্ষে তাঁর কন্যা জননেত্রী ও প্রধানমন্ত্রী জীবন বাজী রেখে কাজ করে যাচ্ছেন। বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যার পর ঘাতকচক্র ও ষড়যন্ত্রকারীরা বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনা এবং তার পরিবারের সদস্যদের প্রতি শ্যানদৃষ্টি অব্যাহত রেখেছেন। এযাবত বহুবার শেখ হানিসাকে হত্যার প্রচেষ্টা চালিয়েছে ঘাতচক্র। তারা জানে শেখ হাসিনার অবর্তমানে বাংলাদেশকে অকার্যকর ও সন্ত্রাসী রাষ্ট্রে পরিণত করে পরাজিত অপশক্তিদের হাতে দেশ তুলে দেয়া সম্ভব হবে। জনাব আ জ ম নাছির উদ্দীন বলেন, আওয়ামীলীগ বাংলার দুঃখি মানুষের প্রিয় সংগঠন। ক্ষুধা ও দারিদ্র থেকে বাংলাদেশকে মুক্ত না করা পর্যন্ত আওয়ামীলীগের সংগ্রাম অব্যাহত থাকবে। বিপদে আপদে সুখে-দুঃখে আওয়ামীলীগের নেতা কর্মীরা মানুষের পাশে আছে ভবিষ্যতেও থাকবে। মেয়র সকলকে আওয়ামীলীগের পতাকাতলে সমবেত হয়ে দেশকে উন্নয়নের সুযোগ সৃষ্টি করে দেয়ার আহবান জানান। ২৩ আগস্ট ২০১৭ খ্রি. দুপুরে লিজা কমিউনিটি সেন্টারে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের উদ্যোগে জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে নগরীর ৬ ও ১৮ নং ওয়ার্ডে দুঃস্থ ও হতদরিদ্রদের মাঝে ত্রান সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে এ আহবান জানান। ৬ নং ওয়ার্ডের ত্রান বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আবুল বশর এবং ১৮ নং ওয়ার্ডের ত্রান বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এডভোকেট আহমদ ইলিয়াছ। উভয় ওয়ার্ডে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানর আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক এম রেজাউল করিম চৌধুরী, সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, মহিলা বিষয়ক সম্পাদক ও প্যানেল মেয়র মিসেস জোবাইরা নার্গিস খান, নির্বাহী কমিটির সদস্য আবদুল লতিফ টিপু, বখতেয়ার উদ্দিন খান, ১৮ নং ওয়ার্ড কাউন্সিলর হারুন উর রশিদ, ৬ নং ওয়ার্ড কাউন্সিলর আশরাফুল আলম, ৪ নং ওয়ার্ড কাউন্সিলর মো. সাইফুদ্দিন খালেদ, সাবেক কমিশনার মোহাম্মদ ইসহাক সহ উভয় ওয়ার্ডের আওয়ামীলীগ, অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। পরে মেয়র উভয় ওয়ার্ডের ৩ শত দুঃস্থ ও হতদরিদ্র পরিবার প্রত্যেককে ১৫ কেজি করে খাদ্য সামগ্রী বিতরণ করেন। উল্লেখ্য প্রতি পরিবারকে ১০ কেজি চাউল, ২ কেজি আলু, ১ কেজি পেয়াজ, ১ লি. সোয়াবিন তেল, ১ কেজি মশুরী ডাল প্রদান করা হয়।

চট্টগ্রাম- ২৫ আগস্ট ২০১৭ খ্রি.শুক্রবার

আসন্ন অষ্ট্রেলিয়া-বাংলাদেশ টেস্ট ম্যাচ এবং ঈদ-উল-আযহা উপলক্ষে আগামী ৩০ তারিখের মধ্যে নগরীর ভিআইপি ও গুরুত্বপূর্ণ সড়ক সমূহ জরুরী ভিত্তিতে মেরামত ও উন্নয়ন এর সিদ্ধান্ত দিলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

আসন্ন অষ্ট্রেলিয়া-বাংলাদেশ টেস্ট ম্যাচ এবং ঈদ-উল-আযহা উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন আগামী ৩০ আগস্টের মধ্যে নগরীর এয়ারপোর্ট রোড, এম আজিজ রোড, ডিটি রোড, পিসি রোড, জাকির হোসেন রোড, শেখ মুজিব রোড, ট্রাঙ্ক রোড, আরকান রোড, হাটহাজারী রোড সহ জনগুরুত্বপূর্ণ সকল সড়ক জরুরী ভিত্তিতে সংস্কার, মেরামত ও উন্নয়ন করে জন দূর্ভোগ দুর করার জন্য ঠিকাদার নিয়োগ করে কাজ সমাপ্ত করার নির্দেশ দেন। ২৪ আগস্ট ২০১৭ খ্রি. বৃহষ্পতিবার, রাতে নগর ভবনে সম্মেলন কক্ষে প্রকৌশলী ও ঠিকাদারদের এক জরুরী সভায় মেয়র এ নির্দেশ দেন। মেয়র জন দূর্ভোগ লাঘব, বিদেশী খেলোয়াড়দের নির্ভিঘ্নে যাতায়াত নিশ্চিত করা, আসন্ন ঈদ-উল-আযহায় সাধারন মানুষের স্বাভাবিক যাতায়াতের পথ সুগম করতে তিনি সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করার নির্দেশ দেন। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশরেশনের এ্যাসফল্ট প্ল্যান্ট এবং কন্ট্রাকটরদের মাধ্যমে অন্যান্য ব্যাক্তি মালিকানাধীন এ্যাসফল্টপ্ল্যান্ট দ্বারা মালামাল তৈরী করে তড়িৎ গতিতে মান সম্পন্ন সংস্কার ও উন্নয়ণ কাজ তরান্বিত করার পরামর্শ দেন। এসময় মেয়র প্রকৌশল বিভাগের সিভিল,যান্ত্রিক ও বিদ্যুৎ এবং পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল করেন। জনাব আ জ ম নাছির উদ্দীন বিদ্যুৎ বিভাগে কর্মরত সকলকে একযোগে সড়ক আলোকিত রাখার লক্ষ্যে সকল ধরনের উদ্যোগ গ্রহণ এবং পরিচ্ছন্ন বিভাগের সকলকে নিরলসভাবে দায়িত্ব পালনের নির্দেশ দেন। এছাড়াও ফুটপাত সর্বসাধারনের চলাচলের সুবিধা রেখে হকারদের শৃংখলায় আনায়নের কার্যক্রম অব্যাহত রাখতে সিটি ম্যাজিষ্ট্রেটদের নির্দেশনা প্রদান করেন। তিনি দেশী-বিদেশী সকলের জন্য চট্টগ্রামকে নিরাপদ নগরী হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে ওয়াসা সহ সকল উন্নয়ন সংস্থার রাস্তা খোড়াখুড়ির কাজ ৯ সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ রাখার আহবান জানান এবং অবৈধভাবে গড়ে উঠা সকল পশুর হাট উচ্ছেদ করার কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের আহবান জানান। সভায় নির্বাহী ম্যাজিষ্ট্রেট মিসেস সনজিদা শরমিন, স্পেশাল ম্যাজিষ্ট্রেট জাহানারা ফেরদৌস, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী মোহাম্মদ রফিকুল ইসলাম, তত্বাবধায়ক প্রকৌশলী মো. মাহফুজুল হক, আবু সালেহ, কামরুল ইসলাম, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মন্নান ছিদ্দিকী সহ তত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এবং জনসংযোগ কর্মকর্তা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা